

# কালের কর্ত্তা

আপডেট : ১৩ মে, ২০১৮ ০০:০৯

## রাজশাহীর ২৬৬ জন শিক্ষার্থীকে মুক্তিযোদ্ধা বৃত্তি প্রদান



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে গতকাল রাজশাহী বিভাগের ২৬৬ জন মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানকে বৃত্তির চেক প্রদান করা হয়। ছবি : কালের কর্ত্তা

‘মুক্তিযোদ্ধা বৃত্তি প্রকল্প’ বাংলাদেশ-ভারত সম্পর্ককে আরো দৃঢ় করবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন রাজশাহী-২ আসনের সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা। ভারতীয় হাইকমিশন কর্তৃক রাজশাহীতে মুক্তিযোদ্ধা পরিবারের শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। গতকাল শনিবার সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে রাজশাহী বিভাগের ২৬৬ জন মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানকে এই বৃত্তির চেক প্রদান করা হয়।

ফজলে হোসেন বাদশা বলেন, ‘মুক্তিযোদ্ধাদের জন্যই আজ আমরা স্বাধীন দেশের নাগরিক। বিভিন্ন সময়ে আমরা নির্যাতনের শিকার হলেও মুক্তিযুদ্ধের চেতনা থেকে বিচ্ছুত হইনি। ভারতের সঙ্গে আমাদের সম্পর্ক কেবল রাজনৈতিক, কূটনৈতিক বা অর্থনৈতিক নয়, বরং এ সম্পর্ক ইতিহাস, ঐতিহ্য আর সংস্কৃতির।’ মুক্তিযোদ্ধা সন্তানদের দেওয়া ভারতের এই শিক্ষাবৃত্তি দুই দেশের বন্ধনকে আরো দৃঢ় করবে বলে এ সময় তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাজশাহীতে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার শ্রী অভিজিৎ চট্টোপাধ্যায়। তিনি বলেন, ‘এ দেশের জন্য মুক্তিযোদ্ধাদের অবদান কল্পনাতীত। তাঁদের ত্যাগ-তিতিক্ষার জন্যই এ দেশের জন্ম হয়েছে।’ এ সময় তিনি শিক্ষা অর্জনের মাধ্যমে সুন্দর ও অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আব্দুস সোবহান, রাজশাহীর সহকারী ভারতীয় হাইকমিশনের দ্বিতীয় সচিব অজয় কুমার মিশ্র, রাজশাহী মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার ডা. আব্দুল মান্নান প্রমুখ।

দেশব্যাপী এ প্রকল্পের আওতায় আগামী পাঁচ বছরে উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের মোট ১০ হাজার মুক্তিযোদ্ধা সন্তানকে ৩৫ কোটি টাকার শিক্ষাবৃত্তি দেওয়া হবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রত্যেক শিক্ষার্থী এককালীন ২০ হাজার টাকা এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরা এককালীন ৫০ হাজার টাকা পাবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএআর : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)